গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
(শুল্ক ও ভ্যাট প্রশাসন-১ শাখা)
(www.nbr.gov.bd)

নথি নং-০৮.০১.০০০০.০১১.০৯.০০৭.২০ (অংশ-১)/- ৫৮

তারিখ: ০৭ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ / ২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **২০২১-২০২২ অর্থ বছরের জানুয়ারি ২০২২ মাস পর্যন্ত সময়ের শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগের রাজস্ব আহরণ অগ্রগতি ও রাজস্ব পর্যালোচনা সভা।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগের ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব আহরণের লক্ষমাত্রা অর্জনের কর্মকৌশল বাস্তবায়নের অগ্রগতি এবং জানুয়ারি/২০২২ মাস পর্যন্ত রাজস্ব আহরণ পরিস্থিতি পর্যালোচনার লক্ষ্যে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম মহোদয়ের সভাপতিত্বে **আগামী ২৮/০২/২০২২ তারিখ সোমবার বিকাল ০৩.০০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে** (৫ম তলা, কক্ষ নং-৫৩৪) শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগের সকল সদস্য, এবং শুধুমাত্র ঢাকায় অবস্থিত কমিশনারেট/দপ্তর/অধিদপ্তর এর কমিশনার ও মহাপরিচালকগণ সভায় স্বশরীরে উপস্থিত থাকবেন। কাস্টম হাউসসমূহের ক্ষেত্রে যুগ্ম কমিশনার ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং ঢাকার বাহিরে অবস্থিত সকল কমিশনার/মহাপরিচালকগণ ভিডিও কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করবেন। ভ্যাট কমিশনারেটের আওতাধীন বিভাগীয় দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগনও Zoom এর মাধ্যমে সংযুক্ত থাকবেন। সভার ID: 834 8495 7998 Password: 1971

০২। উক্ত zoom সভায় প্রয়োজনীয় তথ্যসহ যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে সংযুক্ত (connected) থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/-
(শেখ মেজবাহ-উল-সাবেরিন)
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)
(ই-মেইলঃ nbrcus.vat1@gmail.com)

অনুলিপি কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সদস্য (সকল), শুল্ক ও মূসক, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
৪। কমিশনার/মহাপরিচালক (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (প্রতিটি ভ্যাট কমিশনারেটের আওতাধীন বিভাগ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগনও Zoom এর মাধ্যমে সংযুক্তকরণের অনুরোধসহ)।
৫। প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প/ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
৬। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে এজেন্ডা অনুযায়ী Power Point উপস্থাপন এবং সংশ্লিষ্ট গ্রুপ মেইলে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৭। প্রথম সচিব (সকল)/দ্বিতীয় সচিব (সংশ্লিষ্ট), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৯। জনাব মোঃ মশিয়ার রহমান মন্ডল (মূসক) এবং জনাব মোঃ সোহেল রানা, দ্বিতীয় সচিব (শুল্ক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [তাঁদেরকে সভায় উপস্থাপিত বিষয়ের উপর প্রয়োজনীয় Points/Notes লিপিবদ্ধ করে কার্যবিবরণী প্রস্তুত করে স্বাক্ষরিত কার্যবিবরণীর খসড়া ০৬/০৩/২০২২ তারিখের মধ্যে শুল্ক ও ভ্যাট প্রশাসন-১ শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।
১০। দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ঃ তাঁকে যথাসময়ে সম্মেলন কক্ষ প্রস্তুত রাখাসহ আনুমানিক ৫০ (পঞ্চাশ) জনের আপ্যায়নের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো।

20/2/2022
(শেখ মেজবাহ-উল-সাবেরিন)
দ্বিতীয় সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন-১)
(ই-মেইলঃ nbrcus.vat1@gmail.com)